সন্ত্রাসবাদ ইস্যুতে মানচিত্র থেকেই হারাবে পাকিস্তান: ভারতীয় সেনাপ্রধান



ছবি: সংগৃহীত

ভারতের সেনাপ্রধান উপেন্দ্র দ্বিবেদী পাকিস্তানকে কঠোর বার্তা দিয়েছেন, সন্ত্রাস ইস্যুতে অবস্থান না বদলালে দেশটি ভবিষ্যতে মানচিত্রে টিকে থাকবে নাকি ইতিহাসে হারিয়ে যাবে—এমন সিদ্ধান্তের মুখে পড়তে হতে পারে।

শনিবার দিল্লির মানেকশ সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। সেখানে সম্ভাব্য সামরিক পরিস্থিতি নিয়ে প্রশ্ন করা হলে তিনি জানান, সীমান্তপারের সন্ত্রাসবাদ চলতে থাকলে ভারতের অবস্থান আগের মতোই কঠোর থাকবে।

তিনি আরও ইঙ্গিত দেন, অতীতের মতো কোনো সংঘাত আবার তৈরি হলে প্রতিক্রিয়াও একই ধরনের হতে পারে। এই মন্তব্য আসে 'অপারেশন সিঁদুর'-এর এক বছর পূর্তির পরপরই।

উল্লেখ্য, গত বছরের ৭ মে ওই অভিযান শুরু করে ভারত। কাশ্মীরের পেহেলগামে হামলার জবাব হিসেবে পাকিস্তান ও পাকিস্তান-শাসিত এলাকায় সন্ত্রাসী ঘাঁটি লক্ষ্য করে হামলার দাবি করে নয়াদিল্লি। এরপর দুই দেশের মধ্যে কয়েকদিন পাল্টাপাল্টি সামরিক উত্তেজনা চলে, যা শেষ হয় ১০ মে সমঝোতার মাধ্যমে।